

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১২ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ

নং পবম/(বঃশাঃ-১)০৬/২০১১/৭৮—বিজিবি পুনর্গঠন রূপরেখা-২০০৯ এর আওতায় সংরক্ষিত সুন্দরবনের রায়মঙ্গল নদী ও কাঁচিকাটা খালের সংযোগ স্থল হতে আনুমানিক ০১ (এক) কিঃমিঃ অভ্যন্তরে কাঁচিকাটা খালে ভাসমান বিওপি (ফ্লোটিং বিওপি) স্থাপন এবং তৎসংলগ্ন স্থানে বিজিবি'র ক্যাম্প স্থাপনের জন্য ৩.০ (তিন) একর জমি ব্যবহারের অনুমতি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হওয়ায় নিম্ন তফসিলভুক্ত জমি বর্ডার গার্ড বাংলাদেশকে ব্যবহারের অনুমতি প্রদান করা হইল :

ভূমির তফসিল

জেলার নাম	উপজেলা	রেঞ্জ	স্টেশন	সংশ্লিষ্ট কম্পার্টমেন্ট-সমূহ	জমির পরিমাণ	মন্তব্য
সাতক্ষীরা	শ্যামনগর	সাতক্ষীরা	কৈখালী	৪৯	৩.০ একর	সংরক্ষিত বনাঞ্চল

(১২৮১৭)

মূল্য : টাকা ৪.০০

## চৌহদ্দি

উত্তরে	- কাঁচিকাটা খাল
দক্ষিণে	- সংরক্ষিত সুন্দরবন এলাকা
পূর্ব-দক্ষিণে	- বন বিভাগের পুকুর
পূর্বে	- ২০০ ফুট দূরে ফুলখালী খান এবং
পশ্চিমে	- ঝরা খাল

উক্ত ভূমির দৈর্ঘ্য ৪০০ (চারশত) ফুট এবং প্রস্থ ৩২৬.৫০ (তিনশত ছাব্বিশ দশমিক পাঁচ শূন্য ফুট)।

এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ শফিকুর রহমান পাটোয়ারী  
সচিব।